# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## MORNING NEWS BULLETIN

## BENGALI

**08 JUNE 2026** **7:45—7:55 PM**

---

(১) মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার নেতৃত্বাধীন আসাম মন্ত্রীসভার বারোজন মন্ত্রীর মধ্যে আজ দপ্তর বন্টন/ বরাক উপত্যকার কৌশিক রাইকে খাদ্য, গণবন্টন, গ্রাহক পরিক্রমা, গৃহ নির্মাণ ও নগর পরিক্রমা; এবং কৃষ্ণেন্দু পালকে জনস্বাস্থ্য কারিগরি, বরাক উপত্যকা ও পার্বত্য এলাকা উন্নয়ন বিভাগের দায়িত্ব প্রদান/

(২) ইউরোপীয় সংঘের উচ্চ পর্যায়ের প্রতিনিধি দলের আজ জাগীরোডের সেমি কন্ডাক্টর প্রকল্প পরিদর্শন/

(৩) ১৯৩৬ সালে আত্মপ্রকাশ করা আকাশবাণীর আজ ৯০ বছর সম্পূর্ণ/

এবং

(৪) রাষ্ট্রপতির আগামী ২৩শে জুন দ্বিতীয় পর্যায়ের পদ্ম পুরস্কার প্রদান অনুষ্ঠানে আসামের আরো তিনজন সহ বরাক উপত্যকার বিশিষ্ট রাজনৈতিক ব্যক্তিত্ব কবীন্দ্র পুরকায়স্থকে মরণোত্তর পদ্ম পুরস্কারের সম্মান/

---

মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা নেতৃত্বাধীন রাজ্য মন্ত্রীসভায় বরাক উপত্যকার দুজন সহ ১২ জন মন্ত্রীর মধ্যে দপ্তরসমূহ আজ বন্টন করা হয়েছে । মূখ্যমন্ত্রী সামাজিক মাধ্যমে একথা জানান । এ অনুসারে গৃহ ,রাজনৈতিক পরিক্রমা ,লোক নির্মাণ ,শক্তি , তথ্য ও জনসংযোগ সহ বেশ কয়েকটি বিভাগ মূখ্যমন্ত্রী নিজের হাতে রেখেছেন ।
বরাক উপত্যকার দুজন মন্ত্রীর মধ্যে কৌশিক রায়কে খাদ্য ,গণবন্টন ,গ্রাহক পরিক্রমা ,গৃহ নির্মাণ ও নগর পরিক্রমা এবং কৃষ্ণেন্দু পালকে জনস্বাস্থ্য কারিগরী , পার্বত্য এলাকা ও বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের দায়িত্ব অর্পণ করা হয়েছে । এছাড়া

অশ্বিনী রায় সরকারকে সামাজিক ন্যায় ও সবলীকরণ ,ভূমি সংরক্ষণ ,সংখ্যালঘু কল্যাণ ও উন্নয়ন বিভাগের দায়িত্ব দেওয়া হয়েছে । অশোক সিংহলকে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ , চিকিৎসা ,শিক্ষা ও গবেষণা ,বিমল বরাকে সাংস্কৃতিক পরিক্রমা , শিল্প ,বাণিজ্য ,সরকারি প্রতিষ্ঠান ও এক্ট ইস্ট নীতি ,বিশ্বজিৎ দৈমারীকে হস্ততাঁত বস্ত্র , রেশম ,ক্রীড়া ও যুব কল্যাণ ,দক্ষতা নিয়োগ ও উদ্যমী ও সংস্কৃতি ইত্যাদি বিভাগের দায়িত্ব অর্পণ করা হয়েছে । জয়ন্ত মল্ল বরুয়াকে অর্থ ,বন ও পরিবেশ ,খনি ও খনিজ বিভাগের দায়িত্ব দেওয়া হয়েছে । ,কেশব মহন্তকে রাজস্ব ও দূর্যোগ ব্যাবস্থাপনা ,বিজ্ঞান প্রযুক্তি ,জলবায়ু পরিবর্তন ও সাধারণ প্রশাসন বিভাগের দায়িত্ব অর্পণ করা হয়েছে । , নীলিমা দেবীকে পশু পালন ,পশু চিকিৎসা , মীন ,পীযুষ হাজারিকাকে কৃষি ,জলসিঞ্চন এবং সংসদীয় পরিক্রমা, ডা:রণোজ পেগুকে বিদ্যালয় শিক্ষা ,উচ্চ শিক্ষা,সমতল উপজাতি পরিক্রমা এবং তথ্য প্রযুক্তি বিভাগের দায়িত্ব দেওয়া হয়েছে । একইভাবে সুশান্ত বরগোঁহাইকে জল সম্পদ ও ন্যায় বিভাগের দায়িত্ব দেওয়া হয়েছে । মূখ্যমন্ত্রী নতুন দায়িত্বপ্রাপ্ত মন্ত্রীরা নিষ্ঠা ও আন্তরিকতার সঙ্গে কাজ করবেন বলে আশা প্রকাশ করেন ।

----------------------------------------------------------------------------------------------------------------------------------

ভারতস্থিত রাষ্ট্রদূত হার্ভে ডেলফিন ও বেলজিয়ামের ভারতস্থিত রাষ্ট্রদূত ডিডিয়ের ভান্ডারহেসেল্টের নেতৃত্বে আসা ইউরোপীয় সংঘের এক উচ্চ পর্যায়ের প্রতিনিধি দল আজ মরিগাঁও জেলার জাগীরোডের টাটা সেমিকন্ডাক্টর প্রকল্প পরিদর্শন করেন । দলটি প্রকল্পটির নির্মাণ ক্ষেত্রের অগ্রগতি , উৎপাদন ব্যাবস্থা ,দক্ষ মানব সম্পদ গড়ে তোলার প্রচেষ্টা এবং ভবিষ্যত পরিকল্পনাসমূহের বিষয়ে খোঁজ নেয় । এই পরিদর্শন আর্ন্তজাতিক বিনিয়োগ ,প্রযুক্তিগত সহযোগীতা এবং বিশ্বজুড়ে শিল্প অংশীদারিত্বের ক্ষেত্রে নতুন সম্ভাবনার দ্বার খুলে দেবে বলে আশা করা হচ্ছে । এই প্রকল্প আসামকে বিশ্বের সেমিকন্ডাক্টর ও ইলেক্ট্রনিক সামগ্রী উৎপাদনের মানচিত্রে বিশেষ স্থান প্রদান করা সহ রাজ্যের আর্থ-সামাজিক উন্নয়ন ,কর্মসংস্থান সৃষ্টি ও দক্ষতা বিকাশের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে প্রতিনিধি দলটি মত প্রকাশ করেছে ।

-------------------------------------------------------------------------------------------------------------------------------------প্রধানমন্ত্রী আবাস যোজনার আওতায় এপর্যন্ত চার কোটিরও বেশি গৃহ নির্মাণ করা হয়েছে । কেন্দ্রীয় গৃহ ও শহর পরিক্রমা মন্ত্রী মনোহর লাল বলেছেন যে- শৌচাগার, রান্নার গ্যাস এবং পানীয় জলের সংযোগ সহযোগে এবং আধুনিক সুযোগ সুবিধা সহ প্রধানমন্ত্রী আবাস যোজনার প্রকল্প রূপায়ণ

করা হয়েছে । এক বার্তায় শ্রী লাল জানিয়েছেন যে- এই সাফল্য দেশের আবাস ক্ষেত্রের সংস্কারের রূপ প্রতিফলিত করেছে । এর মাধ্যমে দেশের কোটি কোটি জনসাধারণের চেহারায় সম্মান, নিরাপত্তা এবং আশার ভাব ফুটে উঠেছে । কেন্দ্রীয় মন্ত্রী আরো বলেন যে- বিগত বারো বছরে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে দেশে সর্বাত্মক উন্নয়ন সম্ভব হয়েছে । দেশে দুঃস্থ শ্রেণীর কল্যাণ কার্যসূচির জন্যে যে রূপরেখা প্রস্তুত করা হয়েছে, তা সমগ্র বিশ্বের জন্যে প্রেরণার বিষয় হয়েছে বলেও তিনি জানিয়েছেন ।

------------------------------------------------------------------------------------

আকাশবাণী আজ ৯০ বছর সম্পূর্ণ করেছে । ১৯৩৬ সালের আজকের দিনে ইন্ডিয়ান স্টেট ব্রডকাস্টিং সার্ভিসের নাম পরিবর্তন করে অল ইন্ডিয়া রেডিও হিসেবে নামকরণ করা হয়েছিল । দেশের সাংস্কৃতিক এবং তথ্য ও সম্প্রচারের ইতিহাসে আজকের দিনটি একটি বিশেষ মূহুর্ত হিসেবে ধরা হয়েছে, কারণ এই দিনে প্রজন্ম থেকে প্রজন্মান্তরে প্রতিধ্বনিত হওয়া একটি কণ্ঠের জন্ম হয়েছে ।

স্বাধীনতার পর অল ইন্ডিয়া রেডিও'র দ্রুত সম্প্রসারণ হয় এবং ১৯৫৬ সালে পুনরায় এর নাম পরিবর্তন করে আকাশবাণী রাখা হয় । বর্তমানে সমগ্র দেশে আকাশবাণীর ৫৯১টি কেন্দ্র থেকে ২৩টি ভাষা এবং ১৪৬টি উপ-ভাষায় দেশের মোট জনসংখ্যার ৯৮ শতাংশ লোকের জন্য পরিষেবা প্রদান করা হয়। আকাশবাণীর বৈদেশিক সেবা বিভাগ একশো'রও বেশি দেশে সম্প্রচারের মাধ্যমে ভারতের কণ্ঠকে বিশ্বের দরবারে প্রতিষ্ঠিত করেছে । অনুরূপভাবে বহুজন হিতায়, বহুজন সুখায় আদর্শে আকাশবাণীর সংবাদ সেবা বিভাগ বেশিরভাগ প্রধান ভাষা ও উপ-ভাষায় ২৪ ঘন্টা সমগ্র দেশের প্রতিটি ঘটনার খবর পরিবেশন করে আসছে ।

কেন্দ্রীয় সংখ্যালঘু পরিক্রমা বিভাগের মন্ত্রী কিরেন রিজিজু আকাশবাণীর ৯০ বছরের বর্ণময় যাত্রা উপলক্ষে শুভেচ্ছা জানিয়েছেন । এক ভিডিও বার্তায় শ্রী রিজিজু বলেছেন যে- বর্তমানে সমগ্র রাষ্ট্র আকাশবাণীর সঙ্গে জড়িত হয়ে রয়েছে । আকাশবাণীর মাধ্যমে 'এক ভারত শ্রেষ্ঠ ভারত'এর ভাবনা আরো বেশি শক্তিশালী হয়েছে বলে কেন্দ্রীয় মন্ত্রী উল্লেখ করেছেন ।

------------------------------------------------------------------------------------

আগামী ২১শে জুন অনুষ্ঠেয় চিকিৎসা বিজ্ঞানের স্নাতক পাঠ্যক্রমে ভর্তির জাতীয় পর্যায়ের যোগ্যতা নির্ণায়ক প্রবেশ পরীক্ষা- নীট, দেশের যেসব শহরে আয়োজন করা

হবে, সেসবের নাম জাতীয় পরীক্ষণ সংস্থা- এন টি এ প্রকাশ করেছে । সংস্থাটির পক্ষ থেকে জারি করা এক বিজ্ঞপ্তি অনুসারে আগামী ২১শে জুন দেশের ৫৫১ টি শহরে এবং বিদেশের ১৪টি শহরে বিকেল দুটো থেকে পাঁচটা ১৫ মিনিট পর্যন্ত নীট'এর পুর্নপরীক্ষা অনুষ্ঠিত হবে । তবে পরীক্ষা আয়োজন করা শহরগুলির সূচি সংক্রান্ত পত্রটি প্রবেশ পত্র নয় । তা কেবলমাত্র পরীক্ষার্থীদের তাদের পরীক্ষা কেন্দ্রের বিষয়ে অবগত করানোর জন্যেই প্রকাশ করা হয়েছে বলে এন টি এ স্পষ্ট করে দিয়েছে । সংস্থাটি একইসঙ্গে পরীক্ষা এবং প্রবেশ পত্রের সাম্প্রতিক তথ্যের জন্য তাদের অফিশিয়াল ওয়েবসাইট ফলো করে যাওয়ার জন্য পরীক্ষার্থীদের আহ্বান জানিয়েছে ।

উল্লেখ্য- চিকিৎসা বিজ্ঞানের পাঠ্যক্রমে ভর্তির জন্য নীট-ইউ জি গত তেসরা মে অনুষ্ঠিত হয়েছিল । তবে প্রশ্নপত্র ফাঁস হয়ে যাওয়ার অভিযোগে গত বারোই মে এন টি এ সেই পরীক্ষা বাতিল করে দেয় । সংস্থাটি বর্তমানে এই বিষয়ে তদন্ত অব্যাহত রেখেছে ।

---------------------------------------------------------------------------------

দেশের সর্বোচ্চ অসামরিক পুরস্কারগুলির মধ্যে থাকা পদ্ম পুরস্কারের দ্বিতীয় পর্যায়ের পুরস্কারসমূহ আগামী ২৩শে জুন প্রদান করা হবে । রাষ্ট্রপতি শ্রীমতি দ্রৌপদী মুর্মু এই পুরস্কার সমূহ প্রদান করবেন । দ্বিতীয় পর্যায়ে বরাক উপত্যকার বিশিষ্ট রাজনৈতিক ব্যক্তিত্ব, প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী প্রয়াত কবীন্দ্র পুরকায়স্থকে মরণোত্তর সম্মান হিসেবে এই পুরস্কার প্রদান করা হবে । এছাড়া এই পর্যায়ে আসামের যোগেশ দেউরী, নুরুদ্দিন আহমেদ, পখিলা লেকথেপীকেও এই সম্মানে ভূষিত করা হবে । উল্লেখ্য- প্রথম পর্যায়ে গতমাসে রাষ্ট্রপতি ভবনে আয়োজিত এক অনুষ্ঠানে ৬৬জনকে পদ্ম পুরস্কার প্রদান করা হয়েছিল ।

---------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা আজ গুয়াহাটির লোকসেবা ভবনে আয়োজিত এক বৈঠকে কৃষি পরিকাঠামো তহবিলের আওতায় রাজ্যে রূপায়িত প্রকল্পগুলির কাজের অগ্রগতি পর্যালোচনা করেছেন । মুখ্যমন্ত্রী কৃষকদের সর্বাধিক লাভ অর্জনের জন্য এই তহবিলের আরো বেশি ফলপ্রসূ ব্যবহারের উপর গুরুত্ব আরোপ করেছেন । তিনি কৃষক, কষি উৎপাদক সংস্থা, মুখ্যমন্ত্রীর আত্মনির্ভর আসাম অভিযানের সুবিধা প্রাপক, উদ্যোগী, ব্যাংক, জাতীয় কৃষি ও গ্রামোন্নয়ন ব্যাংক- নাবার্ড সহ সকল অংশীদারদের একত্রিত করে বিস্তৃত কর্মশালা আয়োজনের নির্দেশ দিয়েছেন । একইসঙ্গে রাজ্যের বেশি সংখ্যায় স্থানীয় কৃষিজাত সামগ্রীর জন্য জি আই ট্যাগ লাভের প্রচেষ্টা ও রাজ্যজুড়ে জৈবিক

প্রমানীকরণ প্রক্রিয়াকে এক অভিযানের রূপ দেওয়ার ক্ষেত্রেও মুখ্যমন্ত্রী গুরুত্ব আরোপ করেছেন ।

-----------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলার পাঁচগ্রামের ঐতিহ্যবাহী সিদ্ধেশ্বর শিব মন্দিরের সামনে বহু প্রত্যাশিত রেল ফুট ওভারব্রিজ নির্মাণের কাজ শীঘ্রই শুরু হচ্ছে । আজ সিদ্ধেশ্বর শিব মন্দির পরিচালনা কমিটির সদস্যদের সঙ্গে এক বৈঠকে অংশগ্রহণের পর কাটিগড়ার বিধায়ক কমলাক্ষ্য দে পুরকায়স্থ এক সাংবাদিক সম্মেলনে একথা জানান । তিনি জানান যে আগামী ২৭ শে জুন সকাল ১১ টায় প্রস্তাবিত রেল ফুট ওভারব্রিজের ভূমি পূজা অনুষ্ঠিত হবে । বিধায়ক আরো জানান যে মন্দির প্রাঙ্গণের সৌন্দর্য্য বৃদ্ধি ও দর্শনার্থীদের জন্য আকর্ষনীয় পরিবেশ গড়ে তোলার লক্ষ্যে তাঁর ব্যাক্তিগত উদ্যোগে মন্দিরের সম্মুখে একটি পার্ক এবং একটি শিবলিঙ্গ নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে । এই উদ্যোগ বাস্তবায়িত হলে ধর্মীয় ও পর্যটন উভয় ক্ষেত্রে এলাকাটির গুরুত্ব বৃদ্ধি পাবে বলে তিনি আশা ব্যাক্ত করেন ।

-----------------------------------------------------------------------------------

------------------------------------------হাইলাকান্দি জেলার আলগাপুর থানার অর্ন্তগত চন্ডিপুর আর এ অঞ্চলে আজ ভোরে এক ভূমিধ্বসের ঘটনায় এক ব্যক্তি আহত হয়েছেন । গত কয়েকদিন ধরে চলতে থাকা অবিরাম বৃষ্টিপাতের ফলে আজ ভোর তিনটে নাগাদ ওই এলাকার একটি টিলা থেকে বিশাল পরিমাণ মাটি একটি বসতবাড়ির উপর ধসে পড়ে । ঘটনার সময়ে ওই পরিবারের সদস্যরা ঘুমে আচ্ছন্ন ছিলেন । আচমকা বিকট শব্দ পেয়ে এলাকাবসী ঘুম ভেঙে উঠে উদ্ধার কার্য আরমভ করেন । এই দুর্ঘটনায় আহত গোকুল চন্দ্র মালাকারকে আলগাপুর মডেল হাসপাতালে নিয়ে যাওয়া হয় । এবং প্রাথমিক চিকিৎসার পর তাকে ছেড়ে দেওয়া হয়েছে বলে হাসপাতাল সূত্রে জানানো হয়েছে । এই ভূমিধ্বসে সংশ্লিষ্ট এলাকার বাড়িঘর এবং সম্পত্তির ক্ষতি হয়েছে বলে আমাদের হাইলাকান্দি সংবাদদাতা জানিয়েছেন । ক্ষতিগ্রস্তরা জেলা প্রশাসন এবং আলগাপুর-কাটলিছড়ার বিধায়কের কাছে মানবিক সহায়তা ও আর্থিক সহযোগতার আবেদন জানিয়েছেন ।

-----------------------------------------------------------------------------------